

স্মারক নং-২২.০২.০০০০.০১১.০৬.০০৩.২০- ১৪৮

তারিখ : ২০/০৬/১৪২৭ বঙ্গা:  
২৪ জুন ২০২০ খ্রি:


বিষয় : শিল্প প্রতিষ্ঠানের বৈধ প্রশিক্ষিত প্রতিনিধি কর্তৃক তরলবর্জ্যের নমুনা সংগ্রহ ও সংরক্ষণপূর্বক পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে প্রেরণ।

দেশে করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে বিদ্যমান পরিস্থিতিতে পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার কর্তৃক শিল্প প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে তরলবর্জ্যের নমুনা সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা যাচ্ছে না। এর ফলে একদিকে পরিবেশ অধিদপ্তর গবেষণাগারে অনির্দিষ্ট আবেদনের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে গবেষণাগারের হালনাগাদ টেস্ট রিপোর্ট না থাকায় জেলা, মহানগর ও আঞ্চলিক কার্যালয়সমূহ কর্তৃক শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশগত ছাড়পত্রের নবায়ন প্রদান করা সম্ভব হচ্ছে না। এ ক্ষেত্রে সাময়িকভাবে সেবা প্রত্যাশী শিল্প প্রতিষ্ঠানের বৈধ প্রশিক্ষিত প্রতিনিধির মাধ্যমে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে তরলবর্জ্যের নমুনা সংগ্রহ ও সংরক্ষণপূর্বক পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারের নির্ধারিত নমুনা গ্রহণকারী বুথে পৌঁছানোর জন্য অনুরোধ করা যেতে পারে :

- পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে বিশ্লেষণের জন্য শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন কার্যক্রম হতে উৎপন্ন তরলবর্জ্য ইটিপি চালু অবস্থায় পরিশোধন পূর্ব (Equalization Tank) এবং পরিশোধন পর (Outlet) হতে তাৎক্ষণিক (Grab Sampling-এর মাধ্যমে) পৃথক পৃথক ভাবে
  - পিএইচ (pH), সার্বিক দ্রবীভূত বস্তুকণা (TDS), বিওডি (BOD) এবং প্রলম্বিত বস্তুকণা (SS) গবেষণাগার বিশ্লেষণের জন্য ১লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন পরিষ্কার প্লাস্টিক বোতলে ১লিটার নমুনা সংগ্রহ করতে হবে।
  - সিওডি (COD) বিশ্লেষণের জন্য ১০০মিঃ লিঃ ধারণ ক্ষমতা প্লাস্টিক/গ্রাস বোতলে ১০০মিঃ লিঃ তরল বর্জ্যের নমুনা সংগ্রহ করে সাথে সাথে গাঢ় সালফিউরিক এসিড ( $H_2SO_4$ ) দিয়ে  $<2$  পিএইচ-এ নিয়ে আসতে হবে।
  - ওয়েল এন্ড গ্রীজ (Oil & Grease) বিশ্লেষণের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) বড় মুখের গ্রাস বোতলে ১লিটার তরল বর্জ্যের নমুনা সংগ্রহ করে গাঢ় সালফিউরিক এসিড ( $H_2SO_4$ ) বা হাইড্রোক্লোরিক এসিড (HCl) দিয়ে  $<2$  পিএইচ-এ নিয়ে আসতে হবে।
- প্রতিষ্ঠানের নাম, নমুনা সংগ্রহের স্থান (ইটিপির ইনলেট ও আউটলেট), তারিখ নমুনা, নমুনা সংগ্রহের সময়, সংগ্রহকারীর কর্মকর্তার নাম ও পদবি স্পষ্টভাবে লিখে স্বাক্ষর দিয়ে সংগৃহীত ও সংরক্ষিত নমুনাসমূহ বোতলের মাথায় সুতা দ্বারা বেধে সীল গালা করে  $6^{\circ}$  সেঃ তাপমাত্রায় আইস বক্সে এমন ভাবে সংরক্ষিত করতে হবে যেন পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে পৌঁছানো পর্যন্ত তরল বর্জ্যের নমুনার তাপমাত্রা  $6^{\circ}$  সেঃ-এ বজায় থাকে।
- ইটিপি হতে তরলবর্জ্য নমুনা সংগ্রহের পর সর্বোচ্চ ৮ ঘন্টার মধ্যে নমুনা পরিবেশ অধিদপ্তরের পৌঁছাতে হবে।
- পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে সংগৃহীত তরলবর্জ্যের নমুনা জমা দেওয়া সময় বর্ণিত সকল পদ্ধতি অনুসরণপূর্বক নমুনা সংগ্রহ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট শিল্প উদ্যোক্তা বা তাঁর কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরিত ঘোষণা পত্র (Declaration) দাখিল করতে হবে।

২। শিল্প উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক প্রেরিত তরলবর্জ্যের নমুনা বিশ্লেষণিত ফলাফল পরিবেশ অধিদপ্তরের নিকট অস্বাভাবিক এবং অসামঞ্জস্য প্রতীয়মান হলে অধিদপ্তরের নমুনা সংগ্রহকারী টিম কর্তৃক আকস্মিকভাবে উক্ত প্রতিষ্ঠানের তরল বর্জ্যের নমুনা সংগ্রহ করা

হবে। পরিবেশ অধিদপ্তর কর্তৃক সংগৃহীত নমুনা গবেষণাগারে বিশ্লেষণের পর ফলাফল গ্রহণযোগ্য মানমাত্রার বাহিরে গেলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সেক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি কর্তৃক সংগৃহীত এবং প্রেরিত নমুনার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

  
28/4/2020

(ড. এ, কে, এম, রফিক আহম্মদ)

মহাপরিচালক

ফোন: ৮১৮১৮০০

ই-মেইল: dg@doe.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা/এনফোর্সমেন্ট/আইন/বায়ুঃব্যবঃ/আইটি/জলঃপরিঃ/প্রাঃসংব্য/ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক (ঢাকা অঞ্চল/চট্টগ্রাম অঞ্চল/খুলনা বিভাগ/রাজশাহী বিভাগ/সিলেট বিভাগ/বরিশাল বিভাগ/ময়মনসিংহ বিভাগ/রংপুর বিভাগ/ঢাকা মহানগর/চট্টগ্রাম মহানগর/ঢাকা ল্যাংক/চট্টগ্রাম ল্যাংক), পরিবেশ অধিদপ্তর।
- ৪। উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা কার্যালয় (ঢাকা/গাজীপুর/টাঙ্গাইল/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/নরসিংদী/মুন্সিগঞ্জ মানিকগঞ্জ/ফরিদপুর/চট্টগ্রাম/ফেনী/কুমিল্লা/নোয়াখালী/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া/কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/বাগেরহাট/রাজশাহী/রংপুর/দিনাজপুর/পাবনা/নওগাঁ/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নেত্রকোনা/শেরপুর/মৌলভীবাজার/সাতক্ষীরা/ভোলা/পটুয়াখালী/বান্দরবান), পরিবেশ অধিদপ্তর।

## ঘোষণাপত্র (Declaration)

(ঘোষণাপত্রটি সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের প্যাডে জমা দিতে)

আমি, নাম :-----

পদবী :-----

শিল্প প্রতিষ্ঠানের নামঃ-----

ঠিকানাঃ-----

এই মর্মে ঘোষণা করছি যে,-----খ্রিঃ তারিখ-----টার সময়-----

-----নামক শিল্প প্রতিষ্ঠানের ইটিপি হতে পরিবেশ অধিদপ্তরের বিগত ২৪ জুন ২০২০খ্রিঃ তারিখের ২২.০২.০০০০.০১১. ০৬. ০০৩. ২০-১৪৮ নম্বর স্মারকের সকল নির্দেশনা অনুসরণপূর্বক তরলবর্জ্যের পরিশোধনের পূর্বে (Equalization Tank) এবং পরিশোধনের পরবর্তী (Outlet) নমুনা সংগ্রহ করেছি। আমি আরো ঘোষণা করছি যে, উক্ত নমুনা সংগ্রহের সময় ১) শিল্প বর্ণিত প্রতিষ্ঠানে উৎপাদন প্রক্রিয়া পূর্ণাঙ্গভাবে চালু ছিল, ২) ইনলেট দিয়ে ইটিপিতে তরলবর্জ্য প্রবেশ করছিল, ৩) ইটিপির সকল ইউনিট চালু ছিল, ৪) ইটিপির আউট লেট দিয়ে পরিশোধিত তরলবর্জ্য পরিবেশে নির্গত হচ্ছিল।

উপরিউক্ত ঘোষণায় কোন তথ্যের ব্যত্যয়/বিচ্যুতি কিংবা নমুনা সংগ্রহ কার্যক্রমে কোন প্রকার অসাধুতা পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রমাণিত হলে পরিবেশ অধিদপ্তরে গৃহীত যে কোন কোন আইনানুগ ব্যবস্থা আমি/আমার প্রতিষ্ঠান মেনে নিতে বাধ্য থাকব/থাকবে।

স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ